

যৌন হয়রানির অভিযোগে চুয়েটের এক শিক্ষার্থীকে বহিষ্কার

অনলাইন ডেস্ক

১১ মার্চ, ২০২৫
১৬:২৭

শেয়ার

অ +

অ -



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) এক নারী শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগে প্রাণেশ চৌধুরী নামের এক শিক্ষার্থীকে ১ বছরের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রাণেশ যন্ত্রকৌশল বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

গত রবিবার স্টুডেন্ট ডিসিপ্লিন কমিটির সদস্যসচিব ও ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক মো. মাহবুবুল আলম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এর আগে গত বৃহস্পতিবার স্টুডেন্ট ডিসিপ্লিন কমিটির ২৮৫তম সভায় এ সিদ্ধান্ত হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত শিক্ষার্থীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে তৃতীয় বর্ষের টার্ম-২ থেকে চতুর্থ বর্ষের টার্ম-১ পর্যন্ত সব একাডেমিক কার্যক্রমে বহিষ্কার করা হলো। পাশাপাশি চুয়েটের সব যানবাহন ব্যবহারের ক্ষেত্রে তাকে আজীবন বহিষ্কার করা হলো। অভিযুক্ত শিক্ষার্থী যদি তার আইনসম্মত অভিভাবকের উপস্থিতিতে ২০ মার্চের মধ্যে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থী কোনো কাজে অংশগ্রহণ না করার মর্মে মুচলেকা দেন, তবে চতুর্থ বর্ষের টার্ম-১-এর বহিষ্কারাদেশ স্থগিত থাকবে। কিন্তু ভবিষ্যতে শৃঙ্খলা পরিপন্থী কোনো কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে এ বহিষ্কারাদেশ স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হবে।

অভিযুক্ত শিক্ষার্থী চাইলে আগামী ১৫ দিনের মধ্যে একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান বরাবর শাস্তির বিষয়ে আপিল করতে পারবেন।

সূত্র জানায়, গত বছরের ১১ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের মাতামুহুরি নামের বাসে এক নারী শিক্ষার্থীকে যৌন হয়রানি করেন প্রাণেশ চৌধুরী। এ ঘটনায় অভিযুক্তের শাস্তি দাবি করে ছাত্রকল্যাণ অধিদপ্তর বরাবর আবেদন করেন ভুক্তভোগী শিক্ষার্থী। এরই পরিপ্রেক্ষিতে প্রাণেশকে ১ বছরের জন্য বহিষ্কার করা হয়।